



১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২২ পালন উপলক্ষে প্রত্নুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, শালিখা, মাগুরা।
তারিখ : ০১ ডিসেম্বর ২০২২ খ্রি।
সময় : বেলা ০৩:৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে):

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, মহান মুক্তিযুদ্ধে বিজয়ের প্রাক্কালে পাকিস্তানি হানাদার বাহিনী জাতির শ্রেষ্ঠ সন্তান, বরণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, সাংবাদিক, কবি, সাহিত্যিকদের ধরে নিয়ে তাদের উপর নির্মম অত্যাচার চালিয়ে হত্যা করে। ১৯৭১ সালের হত্যাকাণ্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্য বর্বর ঘটনা, যা বিশ্বব্যাপি শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। তিনি স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান করার উপর গুরুত্বারোপ করা করেন। সভায় বিস্তারিত আলোচনাতে শালিখা উপজেলায় ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহণ করা হয়।

২। ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২২ এর কর্মসূচি :

তারিখ	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনা
১৪ ডিসেম্বর ২০২২	সকাল ০৮:৩০ টা	শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্প স্তবক অর্পন	উপজেলা পরিষদ চত্বর শালিখা, মাগুরা	সংশ্লিষ্ট কমিটি
	সকাল ০৯:০০ টা	শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান	উপজেলা পরিষদ মঞ্চ শালিখা, মাগুরা	সংশ্লিষ্ট কমিটি
	সুবিধামত সময়	শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান	স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান শালিখা, মাগুরা	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২. উপজেলা শিক্ষা অফিসার ৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, সকল কলেজ/মাদরাসা/ মাধ্যমিক/ প্রাথমিক বিদ্যালয়
	বাদ যোহর/ সুবিধামত সময়	সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা	স্ব-স্ব প্রতিষ্ঠান শালিখা, মাগুরা	স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান

৩। পুষ্প স্তবক অর্পন ও আলোচনা সভা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১	সহকারী কমিশনার (ভূমি), শালিখা, মাগুরা	আহ্বায়ক
২	অফিসার ইনচার্জ, শালিখা থানা, মাগুরা	সদস্য
৩	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শালিখা, মাগুরা	সদস্য
৪	জনাব মোঃ আবু বকর মাস্টার, সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কামন্ড, শালিখা, মাগুরা	সদস্য
৫	বীর মুক্তিযোদ্ধা ফারুক আহমদ, শালিখা, মাগুরা	সদস্য
৬	ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা	সদস্য
৭	ইউপি চেয়ারম্যান (সকল), শালিখা, মাগুরা	সদস্য
৮	সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শালিখা, মাগুরা	সদস্য
৯	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা	সদস্য
১০	জনাব মোঃ ইবাদ আলী, ইউডিএফ, শালিখা, মাগুরা	সদস্য


৩.১। কমিটির কার্যপরিধি :

- ৩.১.১) কমিটি ১২ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখের মধ্যে অন্যান্য সদস্যদের সমন্বয়ে সভা করে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ম্যুরালে পুষ্পস্তবক অর্পনসহ আলোচনা সভার আয়োজন করবেন।
- ৩.১.২) কমিটি সুশৃঙ্খলভাবে পুষ্পস্তবক অর্পনের লক্ষ্যে পুষ্প স্তবক অর্পনে ইচ্ছুক বিভিন্ন প্রতিষ্ঠান, রাজনৈতিক দলসহ অন্যান্য সংগঠনের ধারাক্রম তালিকা প্রণয়ন করবেন।

৪.১। অন্যান্য সিদ্ধান্তসমূহ :

- ৪.১.১) অধ্যক্ষ, সকল কলেজ/সিনিয়র মাদরাসা, শালিখা, মাগুরা। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করবেন।
- ৪.১.২) অফিসার ইন-চার্জ, শালিখা থানা, মাগুরা। অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করবেন।
- ৪.১.৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা। তাঁর নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মনিটরিং করবেন।
- ৪.১.৪) উপজেলা শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা। তাঁর নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মনিটরিং করবেন।
- ৪.১.৫) প্রধান শিক্ষক, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়, শালিখা, মাগুরা। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন করবেন।
- ৪.১.৬) যে সকল প্রতিষ্ঠান দিবসটি পালন করবে না, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার তাদের তালিকা তৈরি করে ১৫ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ দাখিল করবেন।
- ৪.১.৭) দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহিত কর্মসূচিতে শালিখা উপজেলার সকল সরকারি দপ্তরের কর্মকর্তা ও কর্মচারি উপস্থিত থেকে অংশ গ্রহণ করবেন। বিষয়টি স্ব-স্ব দপ্তর প্রধান নিশ্চিত করবেন।
- ৪.১.৮) দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে গৃহিত কর্মসূচিতে শালিখা উপজেলার রাজনৈতিক ব্যক্তিবর্গসহ সকল শ্রেণি-পেশার মানুষকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা।